



## চীনের সহযোগিতায় মহাকাশে পাকিস্তানের স্যাটেলাইট উৎক্ষেপণ



স্যাটেলাইট উৎক্ষেপণের দৃশ্য। ছবি : সংগৃহীত

চীনের সহযোগিতায় পাকিস্তানের একটি রিমোট সেন্সিং স্যাটেলাইট মহাকাশে পাঠানো হয়েছে। চীনের রাষ্ট্রীয় বার্তা সংস্থা শিনহুয়ার তথ্য অনুযায়ী, শনিবার উত্তর চীনের শানসি প্রদেশের তাইইউয়ান স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র থেকে এটি উৎক্ষেপণ করা হয়।

‘পিআরএসসি-ইও৩’ নামের স্যাটেলাইটটি স্থানীয় সময় রাত ৮টা ১৫ মিনিটে লং মার্চ-৬ রকেটের মাধ্যমে মহাকাশে পাঠানো হয়। উৎক্ষেপণের পর এটি সফলভাবে নির্ধারিত কক্ষপথে স্থাপন করা হয়েছে। এটি চীনের লং মার্চ রকেট সিরিজের ৬৪০তম মিশন হিসেবেও নথিভুক্ত হয়েছে, যা দেশটির বিস্তৃত মহাকাশ কর্মসূচির একটি অংশ।

পাকিস্তানের মহাকাশ গবেষণা সংস্থা সুপারকো জানিয়েছে, এই স্যাটেলাইটের মাধ্যমে পৃথিবী পর্যবেক্ষণের সক্ষমতা আরও বাড়বে। এর ফলে প্রাকৃতিক সম্পদ পর্যবেক্ষণ, দুর্ভোগ ব্যবস্থাপনা এবং পরিবেশগত পরিবর্তন বিশ্লেষণসহ বিভিন্ন কাজে সুবিধা পাওয়া যাবে।

এ বিষয়ে পাকিস্তান সেনাবাহিনীর আন্তঃবাহিনী জনসংযোগ দপ্তর (আইএসপিআর) বলেছে, স্যাটেলাইটটি একটি সমন্বিত আর্থ অবজারভেশন ব্যবস্থা গড়ে তুলতে সহায়ক হবে, যা দেশের উন্নয়ন পরিকল্পনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এই অর্জনে সংশ্লিষ্ট বিজ্ঞানী ও প্রকৌশলীদের অভিনন্দন জানিয়েছেন এবং পাকিস্তানের মহাকাশ কর্মসূচিতে চীনের ধারাবাহিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।